

সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৭৭০

باب مَا جَاءَ فِي سَرْدِ الصَّوْم

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ مِسْعَرٍ، وَسُفْيَانَ، عَنْ حَبِيبِ بْنِ أَبِي ثَابِتٍ، عَنْ أَبِي الْعَبَّاسِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَفْضَلُ الصَّوْمِ صَوْمُ أَخِي دَاوُدَ كَانَ يَصِوُمُ يَوْمًا وَيُفْطِرُ يَوْمًا وَلاَ يَفِرُ إِذَا لاَقَى " . قَالَ أَبُو الصَّوْمِ صَوْمُ أَخِي دَاوُدَ كَانَ يَصِومُ يَوْمًا وَيُفْطِرُ يَوْمًا وَلاَ يَفِرُ إِذَا لاَقَى " . قَالَ أَبُو الصَّيْمِ هَوَ الشَّاعِرُ الْمَكِيُّ الأَعْمَى وَاسْمُهُ عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَأَبُو الْعَبَّاسِ هُو الشَّاعِرُ الْمَكِيُّ الأَعْمَى وَاسْمُهُ السَّائِبُ بْنُ فَرُوخَ . قَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ أَفْضَلُ الصِيِّيَامِ أَنْ تَصَوْمَ يَوْمًا وَتُفْطِرَ يَوْمًا . وَيُقَالُ هَذَا هُو أَشَدُّ الصِيِّيَامِ .

বাংলা

৭৭০। আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার ভাই দাউদ (আঃ)-এর রোযা হল সবচেয়ে উত্তম রোযা। তিনি একদিন রোযা পালন করতেন এবং একদিন পালন করতেন না। আর যুদ্ধের ময়দানে শক্রর মুখোমুখী হলে তিনি পালাতেন না। – সহীহ, বুখারী, মুসলিম

আবু ঈসা এই হাদীসটিকে হাসান সহীহ বলেছেন। বর্ণনাকারী আবুল আব্বাস একজন মক্কার কবি ছিলেন এবং তিনি একজন অন্ধ ব্যক্তি। তার নাম সাইব ইবনু ফাররূখ। কিছু বিশেষজ্ঞ আলিম বলেন, সবচেয়ে উত্তম (নফল) রোযা হচ্ছে সেই রোযা যা একদিন পরপর পালন করা হয়। বলা হয় যে, এই নিয়মে রোযা রাখা কঠিন।

English

Abdullah bin Amr narrated that:

The Messenger of Allah said: "The most virtuous fast is the fast of my brother Dawud. He would fast a day, and not fast (the next) day. He would not flee at the time of engagement (with the enemy)."



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন